

ভোনের কাগজ

তারিখ... ..
সংখ্যা... ..

28/08/2002

নকল প্রতিরোধে সাহসী ভূমিকার জন্য ১৮ শিক্ষক ও কর্মকর্তাকে পুরস্কৃত করলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী খালেদা জিয়া এ বছর বিভিন্ন পরীক্ষায় নকল রোধে নিজেদের জীবন বিপন্ন করে সাহসী ভূমিকা পালনের জন্য গতকাল ১৮ জন শিক্ষক ও কর্মকর্তাকে আর্থিকভাবে পুরস্কৃত করেছেন। খালেদা জিয়া গতকাল তার কার্যালয়ে তাদের প্রত্যেকের হাতে ২৫ হাজার টাকা তুলে দেন। যে সব শিক্ষক-কর্মকর্তা নকল প্রতিরোধকালে হামলায় আক্রান্ত হন তারা এ অর্থ দিয়ে তাদের চিকিৎসার ব্যয় নির্বাহ করবেন। ইউএনবি।

এ বছর এসএসসি, এইচএসসি, ডিগ্রি, আলীম, ফাজিল ও কামিল পরীক্ষায় নকল ঠেকাতে গিয়ে উল্লিখিত ১৮ জনের অধিকাংশই পরীক্ষা কেন্দ্রে বা কেন্দ্রের বাইরে হামলায় আহত হন।

খালেদা জিয়া জীবনের ঝুঁকি নিয়ে নকল প্রতিরোধে সাহসী ভূমিকা রাখার জন্য ১৮ জন শিক্ষক-কর্মকর্তাকে ধন্যবাদ জানান।

শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক, শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক ও শিক্ষা উপমন্ত্রী আব্দুস সালাম পিটু এ সময় উপস্থিত ছিলেন।